

স্মারক নং ৪৬.০৪৯.০০২.০২.০০.২৬৩.২০১১/৪৫০

তারিখ : ১৪/৬/১৯

বিষয় : বেনাপোল পৌরসভা কার্যালয়ের ২০১৩-২০১৫ অর্থ-বছরের অডিট আপত্তির জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : (ক) বেনাপোল পৌরসভা স্মারক নং-৬০, তারিখ-০৭/০৩/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেনাপোল পৌরসভা কার্যালয়ের ২০১৩-২০১৫ অর্থ-বছরের অডিট আপত্তির অগ্রিম অনুচ্ছেদ ২ এর জবাব প্রেরণ করা হয়। প্রাপ্ত জবাব পর্যালোচনান্তে দেখা যায় যে, আপত্তিকৃত সরকারি কোষাগারে জমা করা হয়নি।

এমতাবস্থায়, বেনাপোল পৌরসভা কার্যালয়ের ২০১৩-২০১৫ অর্থ বছরের অডিট আপত্তির সমুদয় অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করে জমার সমর্থনে যথাযথ প্রমাণকসহ ২(দুই) সেট নিষ্পত্তিমূলক জবাব নির্ধারিত "ছক" ও নির্দেশনা মোতাবেক আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে বিশেষ বাহক মারফত স্থানীয় সরকার বিভাগে পুনরায় প্রেরণের জন্য মেয়র, বেনাপোল পৌরসভাকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অডিট আপত্তি দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তিকল্পে বিষয়টি অতি জরুরী হিসেবে বিবেচ্য।

ছক

| আপত্তির সন ও অনুঃ নং | অডিট আপত্তির শিরোনাম ও আপত্তির বিস্তারিত বিবরণ | স্থানীয় অফিসের জবাব | নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/মন্ত্রণালয়ের মন্তব্য |
|----------------------|--|----------------------|--|
| ১ | ২ | ৩ | ৪ |

সংযুক্ত : বর্ণনামতে।

অনুসরণীয় নির্দেশনা

- শুধুমাত্র অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- আপত্তিকৃত অর্থ যথাযথ খাতে জমাপূর্বক প্রমাণকসহ পৃথক, পৃথক ভাবে ২(দুই) সেট জবাব দাখিল করতে হবে;
- স্থানীয় অফিসের জবাবের মধ্যে চালান নং, তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে;
- চালানের মাধ্যমে টাকা জমার স্বপক্ষে নামাংকিত সীলসহ সিটিআর/আইবাস কপি দাখিল করতে হবে;
- প্রতি পাতায় একটি করে জবাব এবং জবাবের সাথেই প্রমাণক সংযুক্ত করতে হবে;
- সকল প্রমাণক সত্যায়িত করে প্রেরণ করতে হবে;
- সকল স্বাক্ষরের নীচে নামাংকিত সিল ব্যবহার করতে হবে; এবং
- টাকার অংক উল্লেখপূর্বক আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণ উল্লেখ করতে হবে।
- ৪ নং কলাম সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পূরণযোগ্য নয়।

মেয়র

বেনাপোল পৌরসভা
যশোর।

(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন-৯৫৪০৩২৬।

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ

- অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- যুগ্ম সচিব (অডিট/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
- মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
- সংরক্ষণ নথি।